৪

দৈনিক ইত্তেফাক

তারিখ ... MAY 3. 1999 ...
পৃষ্ঠা ৬ কলাম ৮

## শিশু শিক্ষা ও সাক্ষরতা জরিপ কার্যক্রম শুরু

চট্টগ্রাম অফিস ।। গত সোমবার নগরীর মোমিন রোডস্থ শাহাবুদ্দিন কলোনীতে ৩ দিনব্যাপী শিশুশিক্ষা ও সাক্ষরতা জরিপ কার্যক্রমের উদ্বোধন করা হয়। বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিটের পরিচালক (মনিটরিং) মোহাম্মদ আবুল বাসার অনুষ্ঠানের উদ্বোধন করেন। অনুষ্ঠানে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার নূরুল আমিন চৌধুরী, কোতোয়ালী থানা শিক্ষা অফিসার এনামুল হক ও সহকারী শিক্ষা অফিসার ছালামত উল্লাহ, ন্যাশনল সরকারী প্রাইমারী স্কুলের ম্যানেজিং কমিটির সভাপতি শাহাবুদ্দিন প্রমুখ বক্তৃতা করেন। উল্লেখ্য, এ ৩দিন প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাগণ বাড়ী বাড়ী গিয়া পরিবার ভিত্তিক শিশুশিক্ষা ও সাক্ষরতা সংক্রান্ত তথ্যাদি সংগ্রহ করিবেন।